

নং-৪৬.৪২.৬৯০০.০০০.১৪.০৫৩.১৫. ১৪৭৫

তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
১৫ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে নাটোর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।


সূত্রঃ নাটোর জেলা পরিষদের স্মারক নং-৪৬.০০.৬৯০০.০০২.১৪.০০১.১৬-৬৭২, তারিখঃ ৩/৭/২০১৭।

২০১৫-২০১৬ অর্থ বছরে নাটোর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় গৃহীত সিংড়া উপজেলা পরিষদের সামনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল স্থাপন প্রকল্পটি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) প্রকল্পটির প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নাটোর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে “জেলা পরিষদ নাটোর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(জুবাইদা মাসরুীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নাটোর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।